

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

সেবাপ্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতা অবহিতকরণ ২য় ত্রৈমাসিক (২০২০-২১) সভার কার্যবিবরণী।

সভাপতি	ফরিদ আহমদ ভূঁইয়া মহাপরিচালক
সভার তারিখ	২০/১২/২০২০ খ্রিষ্টাব্দ
সভার সময়	দুপুর ১২.০০ ঘটিকা
স্থান	জাতীয় আরকাইভস ভবনের কনফারেন্স কক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'-তে সংযুক্ত করা হলো।

**আলোচনা :**

সেবাপ্রদান প্রতিশ্রুতি বিষয়ে অবহিতকরণ সভা গত ২০/১২/২০২০ তারিখে দুপুর ১২.০০ ঘটিকায় জাতীয় আরকাইভস ভবনের কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব ফরিদ আহমদ ভূঁইয়া। সভায় আলোচক হিসেবে উপস্থিত ছিলেন অধিদপ্তরের পরিচালক (যুগ্মসচিব) জনাব মোঃ সুজায়েত উল্যা।

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সকলকে করোনভাইরাস জনিত মহামারীর কারণে অফিসের কর্মকর্তা ও কর্মচারী, সেবাগ্রহীতা এবং গবেষক/পাঠক সবাইকে স্বাস্থ্যবিধি মেনে চলার আহ্বান জানান। তিনি বলেন যে, আমাদের এই প্রতিষ্ঠানটি একটি সম্পদ (রিসোর্স)। এই সম্পদকে যথাযথভাবে সংরক্ষণ করা এবং এ থেকে সেবা প্রদান করা আমাদের গুরুত্বপূর্ণ দায়িত্ব। আমরা আমাদের সকলের নিজ নিজ অবস্থান থেকে সেবাগ্রহীতাকে সম্মানের সঙ্গে সেবা প্রদান করবো। ভালো আচরণ করব। মিষ্টি কথা বলবো। যদি কোনো সেবা দিতে নাও পারি তবে হাসিমুখে কথা বলা এবং সুন্দর আচরণের মাধ্যমে সেবাগ্রহীতাকে বিষয়টি জানিয়ে দেওয়া উচিত।

অধিদপ্তরের পরিচালক (যুগ্মসচিব) জনাব মোঃ সুজায়েত উল্যা আলোচনায় অংশ নিয়ে বলেন যে, কোভিড পরিস্থিতির কারণে লাইব্রেরির পাঠক সেবা বন্ধ রয়েছে। আমরা আশাবাদী খুব দ্রুত এ সমস্যার সমাধান হয়ে যাবে। তিনি গবেষক ও পাঠকদের কঠোরভাবে স্বাস্থ্যবিধি মেনে চলার আহ্বান জানান। তিনি গবেষক ও পাঠকদের গবেষণা কক্ষে/পাঠকক্ষে অবস্থানকালীন সময়ে মাস্ক পরিধান করারও অনুরোধ জানান।

অতঃপর সভায় অংশগ্রহণকারীদের মধ্য থেকে নিম্নলিখিত গবেষক ও পাঠক আলোচনায় অংশগ্রহণ করেন। ১) জনাব রাকিবুল হাসান; ২) জনাব তরুণ দাস; ৩) জনাব নাফসিয়া মুনমুন; ৪) জনাব ওসমান গণি শাওন।


আলোচনায় অংশ নিয়ে জনাব রাকিবুল হাসান বলেন যে, কোভিডের কারণে আমরা ভীষণভাবে ক্ষতিগ্রস্ত। বাসায় পড়াশুনার সুযোগ কম। তিনি পাঠকক্ষ খুলে দেওয়ার জোরালো আহ্বান জানান। তিনি আরও বলেন আমরা যারা পাঠক রয়েছে তাদের পক্ষ থেকে আমি নিশ্চয়তা প্রদান করছি যে, আমরা স্বাস্থ্যবিধি কঠোরভাবে মেনে চলবো। সামাজিক দূরত্ব বজায় রাখব এবং মাস্ক পরিধানসহ অন্যান্য সুরক্ষামূলক কার্যক্রম পালন করবো। জনাব তরুণ দাস বলেন যে, আমরা লাইব্রেরি থেকে ভালো সেবা পাচ্ছি। বর্তমানে যদি আরকাইভস ও লাইব্রেরির বই, নথিপত্র ইত্যাদি ডিজিটাইজ থাকতো তাহলে আমরা বাসায় বসে এই সেবা নিতে পারতাম। সেটি যেহেতু সম্ভব হচ্ছে না তাই লাইব্রেরির পাঠকক্ষ খোলার অনুরোধ জানান। এছাড়া তিনি আরও বলেন যে, এখানে একটি ক্যান্টিন খুবই প্রয়োজন। সুন্দর পরিবেশ সৃষ্টি করতে হবে। আমাদের আচরণগত দিক উন্নয়ন করা প্রয়োজন। পাঠকক্ষে মাঝে মাঝে টাইলসের শব্দ হয় যা বন্ধ করা দরকার। এছাড়া তিনি রেফারেন্স বই বৃদ্ধির বিষয়ে অনুরোধ করেন। তিনি পরিচালকের কথা উল্লেখ করে বলেন যে, “পরিচালক স্যার আমাদের মাঝে মাঝে খোজ-খবর নেন যা আমাদের জন্য ইতিবাচক। সেবাগ্রহীতা হিসেবে আমি বলবো- এ ধরনের ব্যবহার আমাদের সঙ্গে অফিসের আন্তরিকতা বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করে।”

সেবাগ্রহীতা নাফসিয়া মুনমুন বলেন যে, বাসায় পড়াশুনা করার চাইতে এখানে এসে পড়াশুনা বা গবেষণায় আমাদের মনোযোগ বৃদ্ধি পাচ্ছে। আমাদের আচরণগত দিক উন্নত হচ্ছে। তিনি পাঠকক্ষ খুলে দেওয়ার অনুরোধ জানিয়ে বক্তব্য শেষ করেন। জনাব ওসমান গণি শাওন বলেন যে, করোনাকালীন সময়ে জ্ঞান চর্চা ছাড়া দেশের সবকিছু চালু রয়েছে। তিনি তার বক্তব্যে কিছু সমস্যার কথা তুলে ধরেন। সমস্যাগুলো হলো- গ্রন্থাগারের ওয়েবসাইটে প্রবেশ করা যায় না, রেফারেন্স বইয়ের ঘাটতি রয়েছে, ক্যান্টিন নেই ইত্যাদি। এ বিষয়ে কার্যকরী পদক্ষেপ নিতে অনুরোধ করেন। এছাড়া তিনি অধিদপ্তরের পক্ষ থেকে জনাব সুজায়েত উল্যা, পরিচালক মহোদয়ের টেককেয়ারের বিষয়টি উল্লেখ করেন। তিনি বলেন কিভাবে ডিকশেনারী পড়তে হয় তা আমরা তাঁর কাছ থেকে শিখেছি।

**সিদ্ধান্ত :**

- সেবা গ্রহণকারী এবং সেবা প্রদানকারী উভয়কে স্বাস্থ্যবিধি কঠোরভাবে মেনে চলতে হবে।
- বর্তমানে পাঠকক্ষ বন্ধ থাকবে। তবে পাঠকক্ষ খুলে দেওয়ার বিষয়টি বিবেচনাধীন।
- লাইব্রেরি ভবনে কফি কর্ণার স্থাপন বিষয়ে চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক ব্যবস্থা গ্রহণ করবেন।
- ওয়েবসাইটে প্রবেশের বিষয়ে প্রোগ্রামার ব্যবস্থা গ্রহণ করবেন।
- টাইলস থেকে শব্দ হওয়া বন্ধে চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক ব্যবস্থা গ্রহণ করবেন।

সভায় আর কোনও আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
ফরিদ আহমদ ভূঁইয়া  
মহাপরিচালক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক (আরকাইভস), পরিচালক (আরকাইভস) এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ২) সভাপতি, এপিএ কমিটি এবং প্রোগ্রামার, আইটি শাখা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর (প্রয়োজনীয় কার্যার্থে)
- ৩) উপপরিচালক (আরকাইভস) (চলতি দায়িত্ব), উপপরিচালক (আরকাইভস) এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৪) চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক (চলতি দায়িত্ব), চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৫) সকল কর্মকর্তা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ৬) মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, মহাপরিচালকের দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৭) সংশ্লিষ্ট নথি।



মোঃ আলী আকবর  
সহকারী পরিচালক